



নং- ২/কম/১(খ)/১১৪৪

বিজ্ঞপ্তি

তারিখ: ১৬/০৭/২০২০

রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলার সম্মানিত জেলা প্রশাসক, সকল উপজেলার উপজেলা নির্বাহী অফিসারবৃন্দ এবং অধিভুক্ত সকল স্কুল এবং স্কুল ও কলেজের প্রধান শিক্ষক/অধ্যক্ষগণের অবগতির জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে:-


১। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী এর অধিভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান সমূহের ম্যানেজিং কমিটি গঠনের জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ সংশ্লিষ্ট উপজেলার উপজেলা নির্বাহী অফিসারের নিকট নির্বাচন পরিচালনার জন্য প্রিজাইডিং অফিসার চেয়ে আবেদন করে থাকেন। প্রবিধানমালা ২০০৯ এর ১৫ (২) ধারা অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসার “কোন প্রথম শ্রেণীর সরকারি কর্মকর্তাকে প্রিজাইডিং অফিসার নিয়োগ করবেন”। কিন্তু অনেক ক্ষেত্রে লক্ষ্য করা যাচ্ছে উপজেলা নির্বাহী অফিসারগণ প্রবিধানমালার ১৫ (২) ধারা অনুসরণ না করে ২য় শ্রেণীর কর্মকর্তা/বেসরকারি কর্মকর্তা/স্বায়ত্তশাসিত সংস্থার কর্মকর্তাগণকে প্রিজাইডিং অফিসার নিয়োগ দিচ্ছেন। ফলে ঐ ধরণের কর্মকর্তাদের তত্ত্বাবধানে গঠিত ম্যানেজিং কমিটি বোর্ড কর্তৃক অনুমোদন করা হলে বিধি লঙ্ঘিত হবে এবং ভবিষ্যতে এ বিষয়ে আইনগত জটিলতার সৃষ্টি হবে।

সে কারণে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহীর প্রবিধানমালা ২০০৯ এর ১৫ (২) ধারা অনুসারে কোন প্রথম শ্রেণীর সরকারি কর্মকর্তাকে প্রিজাইডিং অফিসার নিয়োগ দানের জন্য রাজশাহী বিভাগের আওতাধীন সকল উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ জানানো হ'ল।

২। একইসঙ্গে আরেকটি বিষয় লক্ষ্য করা যাচ্ছে যে, উপজেলা নির্বাহী অফিসারবৃন্দ কর্তৃক নিয়োগপ্রাপ্ত প্রিজাইডিং অফিসারগণ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি নির্বাচনের জন্য যে তফসীল ঘোষণা করেন তাতে নির্বাচনের জন্য নির্ধারিত তারিখ/দিনের পূর্বেই অর্থাৎ মনোনয়ন পত্র প্রত্যাহারের দিনে বিভিন্ন পদে একক প্রার্থী থাকার কারণে ঐ দিন অথবা নির্বাচনের জন্য তপসীলে বর্ণিত তারিখের পূর্বে নির্বাচনের ফলাফল জারী করে থাকে, যা বিধি সম্মত নয়। প্রতিটি পদে একজন করে প্রার্থী থাকলেও মনোনয়নপত্র প্রত্যাহারের দিনে নির্বাচনের ফলাফল জারী করা যাবেনা। তফসীল মোতাবেক নির্বাচনের ফলাফল প্রকাশের জন্য নির্ধারিত তারিখেই ফলাফল প্রকাশ করতে হবে। এ বিষয়টিও উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক নিয়োগ প্রাপ্ত প্রিজাইডিং অফিসার হিসেবে দায়িত্ব পালনকারী কর্মকর্তাদের অনুসরণ করতে অনুরোধ জানানো হ'ল।

বিষয়টি অতীব জরুরী।

চেয়ারম্যানের আদেশক্রমে


তারিখ: ১৬/০৭/২০২০
(প্রফেসর দেবশীষ রঞ্জন রায়)

আইডি নং-৮৬০১

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

০৭২১-৭৭৫৭৬৮ (অফিস)

স্মারক নং-

তারিখ:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হ'ল :

- ১। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ
- ২। জেলা প্রশাসক, রাজশাহী, নাটোর, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, জয়পুরহাট, সিরাজগঞ্জ ও পাবনা জেলা
- ৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজশাহী, নাটোর, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, জয়পুরহাট, সিরাজগঞ্জ ও পাবনা জেলা
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, রাজশাহী বিভাগের অধীন সকল উপজেলা
- ৫। জেলা শিক্ষা অফিসার, রাজশাহী, নাটোর, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, জয়পুরহাট, সিরাজগঞ্জ ও পাবনা জেলা
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজশাহী বিভাগের অধীন সকল উপজেলা
- ৭। অফিস নথি।

(প্রফেসর দেবশীষ রঞ্জন রায়)

আইডি নং-৮৬০১

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।